

বেরোবির নতুন রেজিস্ট্রার ড. হারুন অর রশিদ

বেরোবি প্রতিনিধি

০৫ নভেম্বর,
২০২৪ ১৮:৫২

শেয়ার

অ +

অ -



ড. মো. হারুন অর রশিদ। ছবি : সংগৃহীত

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নতুন রেজিস্ট্রার হিসেবে নিয়োগ পেয়েছেন ইস্টার্ন ইউনিভার্সিটির সাবেক ডেপুটি রেজিস্ট্রার ড. মো. হারুন অর রশিদ। মঙ্গলবার (৫ নভেম্বর) রেজিস্ট্রার পদে যোগদান করেন তিনি।

ড. মো. হারুন অর রশিদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। পরবর্তীতে তিনি একই বিভাগ থেকে এমফিল ও পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

জানা যায়, গত ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ১০৮তম সিন্ডিকেট সভার সিদ্ধান্তক্রমে গঠিত সার্চ কমিটির সভার সুপারিশে তাকে রেজিস্ট্রার পদে নিয়োগ দেওয়া হয়।

এদিকে রেজিস্ট্রার হিসেবে যোগদান করে বিকেলে সিন্ডিকেট রুমে নবনিযুক্ত রেজিস্ট্রার ড. মো. হারুন অর রশিদ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, দপ্তর ও শাখা প্রধানদের সঙ্গে মতবিনিময় করেন।

সভায় উপস্থিত সবাই নবনিযুক্ত রেজিস্ট্রারকে স্বাগত জানান। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী, সাবেক রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) প্রফেসর ড. মো. তাজুল ইসলাম, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. ইলিয়াছ প্রামাণিক প্রমুখ উপস্থিত ছিলেন।

মতবিনিময়কালে নবনিযুক্ত রেজিস্ট্রার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকাণ্ডে গতিশীলতা বৃদ্ধি এবং স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে সবার সহযোগিতা কামনা করেন।